গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
srimongoluao@cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.৫৮৮৩.১০০.২৪.০৪৩.২২.২৮ তারিখ ঃ ০৭ /০৭/২০২৫ খ্রিঃ

বরাবর

..........................................

...

**বিষয়: জনবল সংক্রান্ত তথ্য, ক্যাশ সরকার মনোনয়ন, টিএ/ডিএ বিল, জুলাই/২০২৫ খ্রিঃ মাসের বেতন বিল দাখিল সহ মাসিক রিকনসিলিয়েশন এবং অন্যান্য জরুরী বিষয় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, উপরোক্ত বিষয়ের আলোকে আপনার কার্যালয়ের নিম্ন লিখিত তথ্য সমূহ জরুরী ভিত্তিতে আগামী ২৪/০৭/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে এই কার্যালয়ে প্রেরণ এবং অন্যান্য বিষয় যথাযথভাবে পরিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. সকল কর্মকর্তা/কর্মচারীদের মঞ্জুরীকৃত পদ, শূণ্যপদ, কর্মরত ইত্যাদি উল্লেখ পূর্বক জনবল সংক্রান্ত তথ্য প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ।

২. এই কার্যালয় হতে স্মারক নং: ইউএও/শ্রীম:/বিবিধ/২০১৯-২০/০৪ তারিখ: ০৫/০৭/২০১৯ খ্রি: মোতাবেক ক্যাশ সরকার মনোনীত করার জন্য পত্র প্রেরণ করা হয়। বর্তমানে অনেক কার্যালয়ের ক্যাশ সরকার অন্যত্র বদলী হয়ে চলে গেছেন কিন্তু সংশ্লিষ্ট কার্যালয় অদ্যাবধি কোন ক্যাশ সরকার মনোনীত করেন নাই ফলে অনলাইন বেতন বিল, টিএ/ডিএ বিল, আনুষাঙ্গিক বিল এবং পেনশন কেইস সমূহ বিভিন্ন সময়ে বিভিন্ন মানুষ আনা নেওয়ার কারণে যথাসময়ে কার্যসমাধা: করতে বিভিন্ন ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় অতিশীঘ্রই প্রত্যেক অফিসে একজন ক্যাশ সরকার মনোনীত করে ক্যাশ সরকারের (পাসপোর্ট সাইজ ছবি, এনআইডির কপি (সত্যায়িত) এবং ক্যাশ সরকার মনোনয়নের অফিস আদেশ)- যাবতীয় কাগজপত্র সহ এই কার্যালয়ে ২৪/০৭/২০২৫ খ্রি: তারিখের মধ্যে পত্র প্রেরণ এবং ক্যাশ সরকার ব্যতীত অন্য কোন ব্যাক্তি দ্বারা কোন ধরনের বিল, পেনশন কেইস এবং সকল চিঠিপত্র এই কার্যালয়ে প্রেরণ/গ্রহণ না করার বিষয়ে অধীকতর সর্তকতা অবলম্বনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩. অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং: ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৭৪/১০০ তারিখ: ১০/০৬/২০২৪ খ্রি: এবং হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ের স্মারক নং: ০৭.০৩.০০০০.০০১.১০.০২২(১).২৪-৪২৩১ তারিখ: ১৩/০৬/২০২৪ খ্রি: মোতাবেক ইতোমধ্যে iBAS++ সিস্টেমে একই উপজেলার অভ্যন্তরে ভ্রমণের বিষয়টি সংযুক্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে ০১/০৭/২০২৪ খ্রি: তারিখ হতে iBAS++ সিস্টেমের মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা, এবং বদলীজনিত ভ্রমণ ভাতা বিল দাখিল আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ০১/০৭/২০২৪ খ্রি: তারিখ হতে এ সংক্রান্ত কোন প্রকার বিল ম্যানুয়েল গ্রহণ করা হচ্ছেনা। **দেখা যাচ্ছে যে বেশির ভাগ DDO কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন ভ্রমণ ব্যয় বিল আর্থিক বছরের জুন মাসে দাখিল করা হয়। যার দরুন নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করা দুঃসাধ্য হয়ে পরে। সঠিক নিরীক্ষার স্বার্থে কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন ভ্রমণ ব্যয় বিল মাসিক/কোয়ার্টার ভিত্তিক দাখিল করার জন্য সকল DDO গণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। যার ফলে জুন মাসে বিলের অত্যাধিক চাপ পড়বে না।**

৪. সকল কর্মকর্তা/কর্মচারীদের জুলাই/২০২৫ খ্রি: মাসের বেতন বিলের সাথে ০১/০৭/২০২৫ খ্রি: তারিখের ইনক্রিমেন্ট যোগ হয়েছে কিনা এবং GPF চাঁদা কর্তন বৃদ্ধি করতে হলে মূল বেতনের ৫%-২৫% এর মধ্যে রেখে বেতন বিল দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যাদের ইনক্রিমেন্ট সংক্রান্ত সমস্যা থাকবে তাঁদের বেতন বিল দাখিল না করে এই কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৫. প্রতি মাসের খরচের বিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এই কার্যালয় হতে রিকনসিলিয়েশন করে নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

৬. ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ কপি স্ব স্ব অফিসে প্রাপ্তি স্বাপেক্ষে জুন মাসের জন্য অপেক্ষা না করে যথাসময়ে দপ্তরের কোড নম্বর এবং অর্থনৈতিক কোড উল্লেখ পূর্বক বিল দাখিল করা এবং প্রকল্প কোডের বিপরীতে বিল দাখিলের ক্ষেত্রে প্রত্যেক বিলের সাথে বাজেট বরাদ্দ কপি ও iBAS++ এ বাজেট এন্ট্রির প্রিন্ট কপি সংযুক্ত করত: যথাযথভাবে প্রকল্প কোড নম্বর এবং অর্থনৈতিক কোড নম্বর উল্লেখ পূর্বক বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

৭. প্রতিটি বিলে PPR- ২০০৮ অনুসরণ পূর্বক বাজেট বরাদ্দ, খরচ ও অবশিষ্ট বরাদ্দের উল্লেখ করা এবং আয়ন-ব্যয়ন কর্মকর্তা কর্তৃক পাশ করা এবং প্রতিটি ভাউচারের মালামাল স্টক রেজিষ্টারে এন্ট্রি করা হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

বিষয়সমূহ অতীব জরুরী।

০৭/০৭/২৫
(রাজু বিশ্বাস)
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং- ০৭.০৩.৫৮৮৩.১০০.২৪.০৪৩.২২. তারিখ ঃ ০৭ /০৭/২০২৫ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
২। অফিস কপি।

০৭/০৭/২৫
(রাজু বিশ্বাস)
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।